দৈনিক
ইত্তেফাক

তারিখ: 14 MAR 2016
পৃষ্ঠা: ৮ কলাম: ২

# শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের বাধা দূর করা জরুরি

প্রত্যেক উপজেলায় একটি করে স্কুল, কলেজ জাতীয়করণ হবে। ১৫০টি কলেজের তালিকাও হয়েছে। অথচ বাস্তব অগ্রগতি ব্যক্তিস্বার্থে বাধাগ্রস্ত হচ্ছে। যেমন, কারো কারো অনৈতিক সুবিধা হাতছাড়া হবার আতঙ্ক, দৃশ্য-অদৃশ্য নেতৃত্ব-কর্তৃত্ব হারানোর ভয়, নিজের এলাকা বঞ্চিত 'হবার আশঙ্কা, অধ্যক্ষ/উপাধ্যক্ষসহ কোনো কোনো শিক্ষকের আর্থিক ক্ষতি, পদাবনতি/ পদোন্নতি থেমে যাওয়া, বদলি, প্রশির্ক্ষণভীতি ইত্যাদি। জাতীয়করণে প্রতিষ্ঠানের বয়স, অবস্থান, ভূসম্পত্তি, আয়, অবকাঠামো, শিক্ষার্থীসংখ্যা, যোগাযোগসুবিধাদিও গুরুত্বপূর্ণ। কাজেই সদরের কলেজগুলো 'এক ঘোষণা'য় জাতীয়করণই একমাত্র পথ। আবার 'সদর বঞ্চিত' থাকলে ঐ ক্ষতি রয়েই যাবে। উল্লেখ্য, স্বাধীন বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের স্মৃতিধন্য, ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ উদ্বোধনকৃত অর্ধশতাব্দী প্রাচীন কাপাসিয়া কলেজ উপজেলা সদরে অবস্থিত একমাত্র পূর্ণাঙ্গ কলেজ। আর্থিকভাবে সচ্ছল, প্রায় ২০ একর জমি, ৪টি বিষয়ে অনার্স, পাস কোর্স, উচ্চমাধ্যমিকসহ ৩০০০-এর বেশি শিক্ষার্থী, সুবিশাল অবকাঠামো, বিস্তৃত খেলার মাঠ, ৩টি পুকুর, সবুজ-শ্যামলে মনোরম কলেজটিতে জাতীয়করণের যুক্তিসঙ্গত অসংখ্য উপাদান রয়েছে। এব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

**মো. আলী এরশাদ হোসেন আজাদ,**
বিভাগীয় প্রধান, ইসলামিক স্টাডিজ,
কাপাসিয়া ডিগ্রি কলেজ, কাপাসিয়া,
গাজীপুর ১৭৩০